**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৬৪টি প্রতিষ্ঠানকে ৩.০১ লক্ষ টাকা জরিমানা**

**২০ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, রাজবাড়ী, মৌলভীবাজার, সাতক্ষীরা, পাবনা, নোয়াখালী, ঝালকাঠি, লক্ষীপুর, বগুড়া, কুষ্টিয়া, কক্সবাজার, কুড়িগ্রাম, বরিশাল, বাগেরহাট, বরগুনা, সুনামগঞ্জ ও চট্টগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শাহজাহানপুর এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে প্রিয়া সুইটস এন্ড বেকারীকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং ওজনে কারচুপির অপরাধে মজিবরের ফলের দোকানকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের সিঙ্গাইর থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৭,০০০/- (সাতাশ হাজার)** টাকা ও রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের রাজনগর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে পাবনা বিগ বাজারকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, লক্ষীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষীপুরের রামগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার গাবতলী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের রামপাল উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনার বেতাগী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ডাবলমুরিং থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৩টি প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয় এবং চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের পাচলাইশ থানা এলাকায় অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের

মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে CP (Five Star) ও আনন্দ রেস্টুরেন্টকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৩,০০০/- (তের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে শর্মা কাবাব হাউজ লিঃ, ইনোটেন হোটেল, লাইফ কিচেন ও ফ্রাইড কিংকে যথাক্রমে **৪০০/- (চারশত)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৯,৪০০/- (নয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৩৫০/- (দুই হাজার তিনশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে CFC কে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা ও রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অীধকারী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে জাহিদ মটরসকে **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৭,০০০/- (সাত হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৯টি** বাজার তদারকির ও **১৬টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৪টি** প্রতিষ্ঠানকে মোট **৩,০১,৪০০/- (তিন লক্ষ এক হাজার চারশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৬ জন** অভিযোগকারীকে মং **১৯,৬০০/- (উনিশ হাজার ছয়শত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, বাজার পরিদর্শক এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, মৌলভীবাজার, সাতক্ষীরা, পাবনা, নোয়াখালী, ঝালকাঠি, লক্ষীপুর, বগুড়া, কুষ্টিয়া, কক্সবাজার, কুড়িগ্রাম, বরিশাল, বাগেরহাট, বরগুনা, সুনামগঞ্জ ও চট্টগ্রাম।
৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, মৌলভীবাজার, সাতক্ষীরা, পাবনা, নোয়াখালী, ঝালকাঠি, লক্ষীপুর, বগুড়া, কুষ্টিয়া, কক্সবাজার, কুড়িগ্রাম, বরিশাল, বাগেরহাট, বরগুনা, সুনামগঞ্জ ও চট্টগ্রাম।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।